গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৯.৫০.০১৫.২০২১-৭৯ তারিখ : ০৮/১২/২০২২ খ্রি.

বিষয় : মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৫৯১৬/২০০৮ এর আদেশের আলোকে শিক্ষা প্রতিষ্ঠান এবং কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধের লক্ষ্যে কমিটি গঠন এবং বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা প্রদান।
সূত্র: ৩৭.০২.০০০০.১০১.১৮.০০২.২০১৫.১৪১৭৭/১৪, তারিখ : ২৭ মে, ২০১৯।

উপযুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল অফিস ও সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধের লক্ষ্যে কমিটি গঠন এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য তাগিদ প্রদান করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে এ বিষয়ে অদ্যাবধি কোনো কমিটি গঠন করা হয়নি যা আদালত অবমাননার শামিল। এমতাবস্থায়, জরুরিভিত্তিতে এ বিষয়ে কমিটি গঠন এবং এবং তা বাস্তবায়নের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো :

- সকল শিক্ষাপ্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে উল্লিখিত বিষয়ে অভিযোগ গ্রহণ, তদন্ত পরিচালনা এবং সুপারিশ করার জন্য কর্তৃপক্ষ কমপক্ষে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করবে যার মধ্যে সংখ্যাগরিষ্ঠ সদস্য হবেন নারী। সম্ভব হলে কমিটির প্রধান হবেন নারী;
- কমিটি গঠনের ক্ষেত্রে সৎ, দক্ষ এবং সক্রিয় সদস্যগণকে অগ্রাধিকার দিতে হবে;
- কমিটির দুইজন সদস্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাইরে অন্য প্রতিষ্ঠান থেকে নিতে হবে,তবে এক্ষেত্রে জেন্ডার ও মানবাধিকার বিষয়ে যারা কাজ করে তাদেরকে অগ্রাধিকার দিতে হবে;
- অপরাধ প্রমাণিত না হওয়া পর্যন্ত কমিটি অভিযোগকারী এবং অভিযুক্ত ব্যক্তির পরিচয় গোপন রাখবে;
- অভিযোগ গ্রহণকারী কমিটি ৩০ দিনের মধ্যে সুপারিশসহ তদন্ত প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করবে। প্রয়োজনে (যদি উপর্যুক্ত কারণ থাকে) কর্তৃপক্ষ এ সময়সীমা ৩০ কর্মদিবস থেকে ৬০ কর্মদিবস বাড়াতে পারবে;
- প্রতিষ্ঠানের সম্মুখে যৌন হয়রানি প্রতিরোধ সংক্রান্ত একটি অভিযোগ বক্স থাকবে।

এমতাবস্থায়, আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উল্লিখিত বিষয়ে কমিটি গঠন নিশ্চিত করতে হবে। এর ব্যত্যয় ঘটলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অত্র কমিটি গঠনের তদারকির বিষয়টি মাঠপর্যায়ের কর্মকর্তাগণ নিশ্চিত করবেন। এছাড়াও আঞ্চলিক পরিচালক এবং উপপরিচালক (মাধ্যমিক) তাঁর আওতাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসে এ বিষয়ে এখনো কমিটি গঠন করেননি তাদের তালিকা তৈরি করে আগামী ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখের মধ্যে মাউশি অধিদপ্তর বরাবর হার্ড কপি এবং সফট কপি Email এ (knd780709@gmail.com) প্রেরণ নিশ্চিত করবেন।

08/12/22
অধ্যাপক নেহাল আহমেদ
মহাপরিচালক

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল) অঞ্চল
০৪. অধ্যক্ষ, সরকারি /বেসরকারি কলেজ (সকল)
০৫. অধ্যক্ষ, সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (সকল)
০৬. উপপরিচালক (কলেজ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল) অঞ্চল
০৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৫৯১৬/২০০৮ এর আদেশের আলোকে শিক্ষা প্রতিষ্ঠান এবং কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধের লক্ষ্যে কমিটি গঠন এবং বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা প্রদান। "-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্ক্রলে প্রকাশের অনুরোধসহ]
০৮. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১০. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক/উচ্চ বিদ্যালয়/সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
১১. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১২. সংরক্ষণ নথি।

08/12/2022
কামরুন নাহার
সহকারী পরিচালক (একিউএইউ, পরি. ও উন্ন.) ও সদস্য সচিব
শিক্ষা প্রতিষ্ঠান এবং কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধে প্রদত্ত নির্দেশনা ও নীতি বাস্তবায়ন কমিটি